জীবননগরে নৌকার পক্ষে নিবাচনী গনসংযোগ

জীবননগরে নৌকার পক্ষে নিবাচনী গনসংযোগ ও লিফলেট বিতারণ করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপির ছেলে মুনতাসির আজগার আকাশ।

গতকাল শনিবার সন্ধার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নে এ গনসংযোগ ও লিফলেট বিতারণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন,মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম রসূল সাধারণ সম্পাদক আহসান হাবিব বকুল, মনোহরপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ৬নং ইউপি সদস্য আদিলুল করিম, মনোহরপুর ইউপি সদস্য জাহাঙ্গীর আলম, ইউপি সদস্য চ্যামেলী, সাবেক উথলী ইউপি সদস্য খলিলুর রহমান, ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি কামরুজ্জামান কুড়োন, সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান, ৩নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী হোসেন, ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আবু সাইদ ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আতিয়ার রহমান সাধারণ সম্পাদক শাহাজান আলী, মহিলা ইউপি সদস্য জাহিমা খাতুন,সাবেক কেন্দ্রীয় ছাত্রলীগের সহসম্পাদক ফয়জুর রহমান খাঁন নয়ন, ইউনিয়ন যুবলীগের মনোহরপুর ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি আনিসুর রহমান শিমুল সাধারণ সম্পাদক শামিউল হক শামিম, কলেজ ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আকিবুল হাসান আকিব, রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতা, ঢাকা কলেজ ছাত্রলীগের বিভাসসহ এছাড়াও উপস্থিত ছিলেন সাজিবুল, হাসিব, হাসান, ইমন, শিলনসহ আওয়ামী লীগ যুবলীগ ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে আইন শৃঙ্খলা বিষয়ক

মতবিনিময় সভা

জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নে যৌন হয়রানি (ইভটিজিং,)মাদক, জঙ্গিবাদ, দূর্নীতি প্রতিরোধ,আত্মহত্যার বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি, ডেঙ্গু প্রতিরোধ ও আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১টার সময় উপজেলার মনোহরপুর ইউনিয়ন পরিষদের আয়োজনে ইউনিয়ন পরিষদের হলরুমে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন সুরোদ্দীনের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিন্ঞ্জার চাকমা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, উপজেলা সহকারী কমিশনার ভূমি তিথী মিত্র।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,মাদক যুব সমাজকে ধ্বংস করছে। বর্তমান যুব সমাজকে মাদক মুক্ত করে গড়ে তুলতে হলে খেলাধুলার পাশাপাশি আমাদের সকলকে একত্রে হয়ে কাজ করতে হবে। আত্মহত্যা একটা মহাপাপ। এ থেকে বেরিয়ে আসতে অভিভাবকসহ সকলকে সচেতন হতে হবে এবং শিক্ষার্থীদের সচেতন করতে হবে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আইন শৃঙ্খলা যাতে অবনতি না হয় সেদিকে সকলকে সজাগ থাকতে হবে। আরো বক্তব্য রাখেন মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল খালেক,সাংবাদিক আকিমুল ইসলাম, ইয়ুথ এ্যাসেম্বিলর সভাপতি মিথুন মাহমুদ, পরিবার পরিকল্পনা পরিদর্শক সাজেদুর রহমান প্রমূখ ।অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল।

জীবননগরে ভুট্টা ক্ষেত থেকে

স্কুল ছাত্রীর লা*শ উদ্ধার

চুয়াডাঙ্গার জীবননগরে ২য় শ্রেণির স্কুল ছাত্রীকে ধর্ষণ শেষে গলাকেটে হত্যা করেছে । আজ বৃহস্পতিবার দুপুরে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামের হাড়ভাংগা মাঠ নামক স্হানে ওই ঘটনা ঘটে।

নিহত মরিয়ম খাতুন (১০) উপজেলার গোয়ালপাড়া গ্রামের ইকবাল হোসেনের বড়ো মেয়ে। সে স্থানীয় কিন্ডারগার্টেন স্কুলের দ্বিতীয় শ্রেণির ছাত্রী ছিল। খবর পেয়ে ঘটনাস্থল থেকে নিহত শিশুর বিবস্ত্র মরদেহ উদ্ধার করেছে পুলিশ। ঘটনার পরপরই চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) নাজিম আল আজাদ, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা-জীবননগর সার্কেল) জাকিয়া সুলতানা, ঘটনা স্থল পরিদর্শন করেছেন।

পুলিশ ও স্থানীয়রা জানান, দুপুরে চার বান্ধবীর সাথে ছাগলের জন্য ঘাষ কাটতে এবং বেতের শাক তুলতে বাড়ির পার্শ্ববর্তী হাড়িভাঙ্গা মাঠে যায় ওই শিশু। এসময় ঘাষ কেটে দেওয়ার প্রলোভন দেখিয়ে মাঠের একটি ভুট্টা ক্ষেতে নিয়ে তাকে জোরপূর্বক ধর্ষণ করে অজ্ঞাত এক যুবক। পরে ধারালো অস্ত্র দিয়ে গলাকেটে হত্যা নিশ্চিত করে। ঘটনার সময় ভয়ে পালিয়ে এসে বাড়িতে খবর দেয় তার সতীর্থরা।পরবর্তীতে ঘটনাস্থলে গিয়ে ওই শিশুর বিবস্ত্র গলাকাটা মরদেহ দেখতে পায় এলাকাবাসী।

মেয়ের চাচী সেলিনা খাতুন বলেন,দুপুরের দিকে মরিয়মসহ আরো ৩/৪জন বাচ্চা গোয়ালপাড়া হাড়ীভাংঙ্গা মাঠে সবজি তুলতে যায়।সেখানে সাথে থাকা তিনজন বাচ্চা পালিয়ে যায় এবং বাড়িতে কান্নাকাটি করে বলে। মরিয়মকে একজন ব্যাক্তি হাসুয়া দেখিয়ে ভুট্টা ক্ষেতের দিকে নিয়ে গেছে। আমরা খবর পেয়ে দ্রুত হাড়িভাংঙ্গা মাঠে পৌঁছিয়ে চারিদিকে খোঁজাখুজি করি। এর পরে আলতাফ ময়রার ছেলে আলী হোসেনের ভুট্টা ক্ষেতের ভিতর উলঙ্গ অবস্হায় মরিয়মের মরাদেহ দেখতে পায়।

চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) নাজিম উদ্দীন আল আজাদ বলেন, খবর পেয়ে ঘটনাস্থল থেকে নিহত শিশুর বিবস্ত্র মরদেহ উদ্ধার করেছে পুলিশ। ধর্ষককে চিনে ফেলায় ওই শিশুকে গলাকেটে হত্যা করা হতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। নিহত শিশুর মরদেহ ময়না তদন্তের জন্য সুরহাতাল শেষে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল

মর্গে পাঠানো হচ্ছে। ময়না তদন্তের পর জানা যাবে শিশুটিকে ধর্ষন করা হয়েছে কি না।ভিকটিমকে ধরতে পুলিশ প্রশাসন মাঠে কাজ করছে।

জীবননগরের মনোহরপুর ইউনিয়ন ফ্রি চিকিৎসা প্রদান

জীবননগর উপজেলার মনোহরপুর ইউনয়নে সমৃদ্ধি কর্মসূচির আয়োজনে মনোহরপুর ইউনিয়ন প্রবীন কেন্দ্রে ক্যাম্প হার্ট ও ডায়াবেটিস রোগের ফ্রি চিকিৎসা প্রদান করা হয়।

আজ সোমবার মনোহরপুর ইউনিয়ন পরিষদের সহযোগিতায় ও ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে দিন ব্যাপী এ চিকিৎসা ক্যাম্পের উদ্বোধন করেন ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, ইউনিয়ন প্রবীন কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা বদর উদ্দিন ও সাধারণ সম্পাদক মহিউদ্দিন। ফ্রি চিকিৎসা ক্যাম্পে চিকিৎসা প্রদান করেন হার্ট স্পেশালিষ্ট চুয়াডাঙ্গা সদর হাসপাতালের ডাঃ মোঃ আবুল হোসেন। সহযোগি হিসাবে ছিলেন সহকারী মেডিক্যাল অফিসার জাহিদুল ইসলাম। এ চিকিৎসা ক্যাম্প থেকে চিকিৎসা নেন মনোহরপুর ইউনিয়নের ১২০ জন নারী পুরুষ।

এ ফ্রি চিকিৎসা ক্যাম্পের সার্বিক সহযোগিতা করেন, সমৃদ্ধি কর্মসূচি প্রোগ্রাম কো-অডিনেটর মোঃ আওয়াল হোসেন, ইউনিয়ন সহকারী মেডিক্যাল অফিসার সোহেল রানা ও মোঃ আসাদুজ্জামান।

জীবননগরে মহান বিজয় দিবস পালিত

জীবননগরে যথাযোগ্য মর্যদায় মহান বিজয় দিবস পালিত হয়েছে। মহান বিজয় দিবস উপলক্ষে শনিবার সকালে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও বিভিন্ন সরকারি বে-সরকারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে র্যালী বের করা হয় ।

পরে জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, পুলিশ, আনসার ও ফায়ার সার্ভিসের সদস্যদের অংশ গ্রহনের মাধ্যমে কুচকাওয়াচ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা চেয়ারম্যান হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার ভূ’মি তিথি মিত্র, পৌর আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান, দলীল উদ্দিন দলু, জীবননগর থানার ওসি জাবিদ হাসান প্রমুখ।

জীবননগরে গৃহবধুকে হত্যা,বিচারের দাবীতে মানববন্ধন

জীবননগরে যৌতুকের টাকা না পেয়ে রিফাত জাহান চাদনী (২০) নামের এক গৃহবধুকে পিটিয়ে ও শ্বাসরুদ্ধ করে হত্যার প্রতিবাদে বিক্ষোভ ও

মানববন্ধন করেছে ভুক্তভোগী পরিবার ও এলাকাবাসী। এছাড়া হত্যার সাথে জড়িদের ফাসির দাবী জানান তারা।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার দিকে নিহত রিফাত জাহান চাদনীর নিজ এলাকা জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের মারুফদাহ সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে ভুক্তভোগী পরিবার এলাকাবাসী, শিক্ষার্থী ও ব্যবসায়ীদের অংশগ্রহণে এ মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করা হয়।

এসময় এলাকাবাসী ও পরিবারের লোকজন জানান, দেড় বছর আগে পাশ্ববর্তী মহেশপুরের উপজেলার গুড়দাহ গ্রামের মশিউর রহমানের সাথে পারিবারিক ভাবে বিয়ে হয়। বিয়ের কয়েকমাস পর থেকে ব্যবসার কথা বলে ২ লাখ টাকা যৌতুক দাবী করে নিহত চাদনীর স্বামী ও শুশুর বাড়ির লোকজন। তাদের দাবী অনুযায়ী ২ লাখ টাকা, একটি পালসার মটরসাইকেল ও একটি গরু মশিউর রহমানের হাতে তুলে দেয় চাদনীর পরিবার। এছাড়া বিভিন্ন সময় যৌতুকের জন্য চাদনীকে চাপ দিয়ে মারধর করতো স্বামী ও শুশুর বাড়ির লোকজন। গত কয়েকদিন ধরে পুনরায় ওই গৃহবধুর কাছ থেকে কয়েক লক্ষ টাকা যৌতুক দাবি করেন তার স্বামী যৌতুক লোভী মশিউর রহমান ।
এমতাবস্থায় ওই গৃহবধু বাবার বাড়ি থেকে যৌতুকের টাকা আনতে অস্বীকার করায় ডিসেম্বর মাসের ১১তারিখে সন্ধার সময় ওই গৃহবধুকে পিটিয়ে হত্যা করে উলঙ্গ অবস্থায় মৃতদেহ ঘরের মধ্যে ফেলে রেখে পালিয়ে যায় স্বামী মশিউর রহমান।চাদনী হত্যাকারী স্বামী মশিউর রহমান ও তার পরিবারের লোকজনকে সর্বোচ্চ শাস্তি দেওয়ার দাবী জানান স্থানীয় গ্রামবাসী।

নিহত চাদনীর ভাই হাসান আলী অভিযোগ করে বলেন,মশিউর আমাদের নিকট থেকে অনেক টাকা নিয়েছে ।আমাদের একটা মাত্র বোন ।বোনের সুখের জন্য আমরা মশিউরকে একটি পালসার মটরসাইকেল কিনে দিয়েছি।সে আমার বোনকে অনেক কষ্ঠ দিয়ে হত্যা করেছে ,তার পায়ের তলায় কারেন্টের সট দিয়েছে এমন কি তার শরীরে কোন কাপড় চোপড় ছিল না।আমরা এর সঠিক তদন্ত চাই এবং এর সঠিক বিচার চাই ।

মানববন্ধনে আরও উপস্থিত ছিলেন, নিহত চাদনীর ভাই হাসান আলী ,রায়পুর ইউপি সদস্য আযাদ রহমান সারত,রায়পুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক সাইদুর রহমান,ওয়াড আওয়ামীলীগের সভাপতি ইসমাইল বিশ্বাস,আঃ রশিদ,তারেক হোসেন,হাসান আলী,রুবেল হোসেন,সুমন হোসেন প্রমুখ।

জীবননগরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

জীবননগরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সন্ধার সময় বুদ্ধিজীবী দিবসে শহীদদের স্মরণে মোমবাতি জ্বালানো হয়।
শহীদ বুদ্ধিজীবী দিবসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান, উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আব্দুল লতিফ অমল,উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলা সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র, বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান প্রমুখ।

জীবননগরে নাশকতা মামলায় যুবদলের সদস্য আটক

জীবননগর থানা পুলিশের বিশেষ অভিযান নাশকতা মামলায় যুবদলের সদস্যকে আটক করা হয়েছে।

আজ বুধবার জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) এস.এম. জাবীদ হাসানের নিদেশে জীবননগর থানার এসআই(নি:) সিরাজুল আলম সঙ্গীয় ফোর্স নিয়ে জীবননগর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে উপজেলার উথলী গ্রামের মাঝের পাড়ার নিজাম উদ্দীনের ছেলে নাশকতা মামলায় এজাহারে সন্দিগ্ধ আসামী মোঃ ইমরান হোসেন (২৮) আটক করে ।

আটককৃত আসামীকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

জীবননগরে পেঁয়াজের দাম বেশি নেওয়ায় দুই ব্যবসায়ীকে জরিমানা

জীবননগরে সরকার নির্ধারিত মূল্যের থেকে বেশি দামে পেঁয়াজ বিক্রি করায় জীবননগরে দুই ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, গত সোমবার অভিযান চালিয়ে ব্যবসায়ীদের সরকার নির্ধারিত মূল্য ১২০ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রির নির্দেশনা দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজ। তারপরও ব্যবসায়ীরা বেশি দামে পেঁয়াজ বিক্রি করায় আজ মঙ্গলবার উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র জীবননগর কাঁচাবাজারে অভিযান পরিচালনা করেন।

এসময় বেশি দামে পেঁয়াজ বিক্রির অপরাধে আব্দুল কাদের এবং আব্দুল কাজী নামের দুই ব্যবসায়ীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর একটি ধারায় ৫০০ টাকা করে ১ হাজার জরিমানা করেন।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র বলেন, সরকার পেঁয়াজের মূল্য ১২০ টাকা কেজি নির্ধারণ করে দিয়েছে। এর বেশি দামে কেউ পেঁয়াজ বিক্রি করতে পারবে না। আজ বেশি দামে পেঁয়াজ বিক্রি করায় দুই ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে। সরকারের নির্দেশনা বাস্তবায়নে এই অভিযান অব্যাহত থাকবে।

জীবননগরে ভেজাল মধু বিক্রি, ব্যবসায়ীকে জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগরে ভেজাল মধু বিক্রি করায় খন্দকার সুন্নাহ কালেকশনস নামে এক ব্যবসা প্রতিষ্ঠানকে ১৫ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। আজ সোমবার ১টা ৩০ মিনিটের সময় জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করেন।

চুয়াডাঙ্গা জেলার নিরাপদ খাদ্য কর্মকর্তা সজিব পাল জানান, অভিযোগের পরিপ্রেক্ষিতে খন্দকার সুন্নাহ কালেকশনস থেকে গত ২৪ সেপ্টেম্বর ল্যাবে পরীক্ষার জন্য মধুর স্যাম্পল সংগ্রহ করা হয়। পরীক্ষায় মধু ভেজাল বলে প্রমাণিত হয়। ল্যাব রিপোর্ট হাতে পাওয়ার পর জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্রের নেতৃত্বে খন্দকার সুন্নাহ কালেকশনসে অভিযান পরিচালনা করা হয়।

এসময় ভেজাল মধুসহ পণ্যের গায়ে লেবেল না থাকা, মেয়াদোত্তীর্ণ ও বিএসটিআইয়ের অনুমোদন না থাকার সত্ত্বেও পণ্য বিক্রির প্রমাণ পাওয়া যায়। এসব অপরাধের দায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর একটি ধারায় প্রতিষ্ঠানের মালিক নয়ন খন্দকারকে ১৫ হাজার টাকা জরিমান করা হয়।

অভিযানে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের একটি দল ও উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর আনিছুর রহমান উপস্থিত ছিলেন।

এ বিষয়ে জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র বলেন, ভেজাল মধু বিক্রির দায়ে নয়ন খন্দকারকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আর ভেজাল মধু, দোকানে থাকা মেয়াদোত্তীর্ণ ও বিএসটিআইয়ের অনুমোদন না থাকা পণ্য জনসম্মুখে ধ্বংস করা হয়।